








# হরেকরকম

# হরেকরকম

# হরেকরকম

## আলুর পরোটা নাকি পিজ্জা



ঘ্রাণে নাকি অর্ধেক ভোজন হয়! কিন্তু দর্শনেও কি ভোজন হয়? ইদানীং ফেসবুক, ইনস্টাগ্রাম খুললেই চোখে পড়ে নানা রকম খাবার তৈরি বা রেস্টুরাঁয় খাওয়া দাওয়ার ভিডিও। সেই সব দেখে আর কিছু না হোক মনের খিদে তো মেটেই। পেটের খিদে যদিও চাগাড় দেয়। আবার খাবার নিয়ে অদ্ভুত পরীক্ষা নীরিক্ষা দেখে খাদ্য প্রেমীরা বিস্মিতও হন। সম্প্রতি তেমনই একটি খাবারের ভিডিও ভাইরাল হয়েছে সমাজ মাধ্যমে। ভিডিওটি একটি রান্নার

প্রশ্নে বেলে নিয়ে ভাজা হচ্ছে দেশি ঘিয়ে। এ ভাবেই তৈরি হচ্ছে ইতালীয় পিতার দেশি 'পিভা বেস'। অর্থাৎতার উপর সাজিয়ে দেওয়া হবে পিতার টপিংসিঁজ, সস, মশলাপাতি ইত্যাদি। এর পর ধীরে ধীরে নিজের বিশেষ রূপ পায় পরোটা পিতা। পরিবেশন করা হয় স্টিলের প্লেটে তিন রকম দেশি চাটনি সহযোগে। এই ভিডিও দেখে অবাক খাদ্য প্রেমীরা। অনেকে বলেছেন, "যে জিনিসটা যেমন সেটা তেমন ভাবে খেতে আপত্তি কিসের?" কেউ আবার কটাক্ষ করে লিখেছেন, "এই জগাখিড়ি রেসিপি আবিষ্কার করার আগে না জানি কত বিনির্ভর রাত কাটিয়েছেন ওই রাঁধুনী?" আবার অনেকে বিক্রেতার সৃষ্টিশীলতার প্রশংসাও করেছেন। তারা লিখেছেন, পিতার বেসে সিঁজ বা মাংসের পুর দিয়ে সিঁজ বাস পিতা হলে আলু বাস পিতা হতে আপত্তি কোথায়!


## ভাতের ফ্যান ছাড়াও সুতির শাড়ি মড়মড়ে হয়ে উঠতে পারে



বাড়িতে সুতির নরম শাড়ি পরতে ভালবাসেন অনেকেই। কিন্তু বাইরে বেরোতে গেলে মাড় দেওয়া, পাটভাজা শাড়ি না হলে চলে না। দানি, নতুন শাড়ি বেশ কয়েক বার পরে নিয়ে অনেকেই লজ্জিতে পাঠিয়ে দেন কাচাতে। কিন্তু তুলনায় কমদামি রোজের ব্যবহারের শাড়িগুলি তো নিয়মিত বাইরে কাচাতে দেওয়া হয় না। সে ক্ষেত্রে মা, ঠাকুমানের শাড়িতে দেওয়ার সবচেয়ে পছন্দের, সহজলভ্য মাড়

না ভাসে। তার পর যে বাড়িতে মাড় দেবেন, সেটি ওই মিশ্রণে ডুবিয়ে রাখুন। মিনিট দুয়েক পর নিজেই রোদে শুকোতে দিন। ২) আলুসেদ্ধ করা জল- আলুর খোসা ছাড়িয়ে ভাল করে ধুয়ে নিন। তার পর একটি পাত্রে পরিষ্কার জল দিয়ে আলু সেদ্ধ হতে দিন। আলু পুরো সেদ্ধ হয়ে এলে সাবধানে জল থেকে আলুগুলি তুলে অন্যত্র সরিয়ে রাখুন। আলু সেদ্ধ করা জল ঠান্ডা হতে দিন। তার পর মাড় হিসেবে ব্যবহার করুন। মাড় দেওয়ার পর ছায়ায় শাড়ি শুকোতে দেওয়া যাবে না। তা হলে কিছু মাড় ধরবে না। ৩) ময়দা-গরম জলে ময়দা ভাল করে ফুটিয়ে ঘন একটি মিশ্রণ তৈরি করুন। শাড়িতে কতটা মাড় চান, সেই অনুযায়ী মিশ্রণ ঘন করবেন। ঠান্ডা হলে মাড় হিসেবে ব্যবহার করতে পারেন। তবে মাড় দেওয়ার পর শাড়ি কিছু রোদে শুকোতে দিতে হবে।

## রাতের বেলা রুটির সঙ্গে বানিয়ে ফেলুন পমফ্রেট মাছের দোপেঁয়াজ



বর্ষাকালে মাছ খেয়েও সুখ, খাইয়েও সুখ। বাজার থেকে প্রমাণ সাইজের পমফ্রেট এনেছেন। এমনিতে পমফ্রেট কিনলে সাধারণত তন্দুরি করেই খাওয়া হয়। গরম হোক বা ঠান্ডা যে কোনও পানীয়ের সঙ্গেই সেই পদ খেতে ভাল লাগলেও রুটি দিয়ে শুকনো তন্দুরি খেতে ভাল না-ও লাগতে পারে। তা হলে উপায়? সমাধান রয়েছে হাতের মুঠোয়। সাধারণ পমফ্রেট মাছের ঝাল বদলে যেতে পারে পমফ্রেট উপকরণ পমফ্রেট মাছ: ৪টি পেঁয়াজ বাটা: আধ কাপ

হল ভাতের ফ্যান। তবে ভাতের ফ্যান শাড়িতে দিলে, শুকানোর পর অনেক সময়েই বিচ্ছিরি গন্ধ বেরায়। তাই এই উপাদান ব্যবহার করতে চান না অনেকেই। ভাতের ফ্যান ছাড়া মাড় হিসেবে আর কী কী ব্যবহার করা যায়? ১) আঠা- ৫০০ মিলিলিটার জলে ১ টেবিল চামচ আঠা ভাল করে গুলে নিন। কোনও ভাবেই যেন আঠার অবশিষ্ট অংশ জলে

## দেহের বিভিন্ন অংশে কাটা দাগ, কালচে ছোপ ফিকে হবে অয়েলের গুণে

ছোটবেলায় সাইকেল চালানো শিখতে গিয়ে পড়ে গিয়েছিলেন। খুঁতনি কেটে রক্তাক্তি কাণ্ড ঘটে গিয়েছিল। কিছু দিনের মধ্যে ক্ষত শুকিয়ে গেলেও বিশ্রী দাগ রয়ে গিয়েছে এই বয়সেও। আবার বহু দিন আগে কাণ্ড মুখে হওয়া বসন্তের দাগও মেলাতে চায় না সহজে। ডাবের জল, চন্দন মাখার পর শেষে চিকিৎকের শরণাপন্ন



হতে হয়। রাসায়নিক দেওয়া একগুচ্ছ মলম মাখতে হয় নিয়ম করে। তা-ও দাগ পুরোপুরি মিলিয়ে যায় না। তবে প্রসাধন নিয়ে পরীক্ষা নিরিক্ষা করেন এমন মানুষদের বন্ধবা, এই সব সমস্যায় খুব ভাল কাজ করে স্ত্রিয়োভার এবং রোজহিপি অয়েলের মিশ্রণ। নিয়মিত ব্যবহার করলে ত্বকে কোলাজেনের উত্পাদন বাড়তে থাকে। ফলে ক্ষত পূরণ হয় তাড়াতাড়ি। মাসখানেকের মধ্যেই তফত নজরে পড়ে। সন্তানপ্রসবের পর মায়েদের

## সন্ধ্যায় চপ-মুড়ি না খেয়ে রাতের খাওয়া সেরে ফেলতে হবে

কাজে বেরোনের সময় সারা দিন ভাল করে খাওয়া হয় না। তাই সকালে ভাল পদ যা রান্না হয়, সবটাই মায়ের যত্ন করে রেখে দেন ছেলেমেয়ের জন্য। কিন্তু মুশকিল হল, অফিস থেকে ফিরেও তো অনেক সময়ে আবার ল্যাপটপ খুলে বসতে হয়। তাই খাওয়ার সময়ের ঠিক থাকে না। রাত্রে তেল-মশলা দেওয়া খাবার খেলে গ্যাস-অম্বল অবধারিত। তাই পুষ্টিবিদেরা বলে থাকেন, রাতের খাবার যতটা সম্ভব হালকা রাখতে। শুধু তা-ই নয়, রাতের খাবার যদি সন্ধ্যার সাতটার আগে খেয়ে ফেলা যায়, তা হলে সব দিক থেকেই ভাল। অনেকেই রাতের খাবার খাওয়ার পর সোজা বিছানায় গিয়ে গা এলিয়ে দেন। এতে খাবার হজমে সমস্যা হয়। ওজনেও প্রভাব পড়ে। তবে সন্ধ্যায় ৭টার সময় রাতের খাবার খেয়ে নিয়ে পরের দিন সকাল ৭টা পর্যন্ত উপোস করে থাকা কিন্তু আবার শরীরের জন্য ভাল নয়। তাই নিজের সুবিধা বুঝে সময় আওপিত্ব করে নেওয়া যায়।



রাত্রে তাড়াতাড়ি খাবার খেলে কী উপকার মিলতে পারে? ১) রক্তে শর্করার মাত্রা ঠিক থাকে তাড়াতাড়ি রাতের খাওয়া শেষ হলে হজম হয় তাড়াতাড়ি। খাবার থেকে পুষ্টিগুণ শোষণ করে তাকে শক্তিতে রূপান্তরিত করার কাজটিও সহজ হয়। ফলে রক্তে শর্করার মাত্রাও নিয়ন্ত্রণে থাকে। ২) ঘুমের চক্র রাত্রে ভারী খাবার খাওয়ার পর গুণে পড়লে অনেক সময় হজমের সমস্যা হয়। সেখান থেকে ঘুমে ব্যাঘাত ঘটানো স্বাভাবিক। তাই

## রান্নাঘরে জলের অপচয় বন্ধ করুন

রান্নাঘরে অনেক সময় অজান্তেই আমরা অনেকটা জল অপচয় করে ফেলি। রান্নার প্রতিটি পর্যায়ে জলের ব্যবহার করা হয়। ভাত, ডাল, চাউমিন, পাস্তা কিংবা সব্জি সেদ্ধ হয়ে গেলে আমরা সেই জল থেকে ফেলে দিই। কিন্তু যদি ফেলে না দিয়ে একটি পাত্রে সেই জল জমিয়ে রেখে দেন, তা হলে পরে নানা কাজে ব্যবহার করতে পারবেন। ভাবছেন, কী ভাবে?



১) শাক-সব্জি, ফল, চাল, ডাল ধুয়ে সেই জল ফেলে না দিয়ে গাছের গোড়ায় দেওয়া যায়। লিকার চা বানানোর সময় অনেক ক্ষেত্রেই বেশি হয়ে যায়, চা পাতা সমেত সেই জল গাছের পরিচর্যায় কাজে লাগাতে পারেন। ২) ভরতি জলের বোতল গাড়িতে রেখে দিয়ে আমরা ভুলে যাই। দুদিন পর গাড়ি খুলে দেখলে মনে পড়ে সেই কথা। সেই জল ফেলে না দিয়ে বাড়ি পরিষ্কার করার কাজে, বানান মাজার কাজে ব্যবহার করতেই পারেন। ৩) কাড়াইতে পোড়া লাগলে সেই

দাগ পরিষ্কার করতে সময় ও জল দুইয়েরই অপচয় হয়। এ ক্ষেত্রে সমান্য জল গরম করে নিয়ে কড়াইতে আধ ঘণ্টা মতো রেখে দিন। দেখবেন, অল্প সময়েই সেই দাগ দূর করা সম্ভব হবে। জলের অপচয়ও কমবে। ৪) চাউমিন, পাস্তা সেদ্ধ করে সেই জল আবার রান্নার কাজে লাগাতে পারেন। পিতার ময়লা মাখার সময়ে যদি নুন আর তেল মেশানো না দিয়ে বাড়ি পরিষ্কার করার কাজে, বানান মাজার কাজে ব্যবহার করতেই পারেন। ৫) ভাতের ফ্যান ফেলে না দিয়ে সেই ফ্যান রূপচর্চার কাজে ব্যবহার করতে পারেন। দু'চামচ ভাতের ফ্যানের সঙ্গে এক চামচ মধু ভাল করে মিশিয়ে নিয়ে সারা মুখে লাগিয়ে রাখুন। আধ ঘণ্টা পরে ঠান্ডা জলে মুখ ধুয়ে ফেলুন। ত্বকের উজ্জ্বল বাড়বে, ত্বকে মসৃণ ও কোমল রাখতেও এই ফেসপ্যাকটি ব্যবহার করতে পারেন।

## ফলের গুণেই বাড়বে প্রতিরোধ শক্তি?

রোজ সকালে খালি পেটে একটুকরো আমলকি। বাস, তাতেই নীরোগ হবে শরীর। শতাব্দীপ্রাচীন এই আয়ুর্বেদিক টোটকার গুণ অনেক। বর্ষায় সর্দি-কাশি তো দূরে থাকেই, এমনকি ব্যাক্টেরিয়া সংক্রমণের হাত থেকে রেহাই পেতেও আমলকির উপর ভরসা রাখা যায়। প্রচুর পরিমাণে ভিটামিন সি থাকার কারণে, এটি শরীরের রোগ প্রতিরোধশক্তি বাড়াতে সাহায্য করে। কেন রোজ আমলকি খাবেন?



১) দুশ্বের কারণে অনেকেরই অল্প বয়সে চুলে পাক ধরে। চুলের স্বাভাবিক উজ্জ্বল ধরে রাখতে আমলকি দারুণ উপকারী। বর্ষায় চুল ধরে যাওয়া প্রতিরোধ করতেও এই দাওয়াই দারুণ কার্যকর। আমলকির ফাইটোনিউট্রিয়েন্টস এবং ভিটামিন সি স্ক্যালের রক্তসঞ্চালন বাড়িয়ে চুল লম্বা এবং ঘন হতে উল্লেখযোগ্য ভূমিকা নেয়। কারণ, আমলকির ফাইটোনিউট্রিয়েন্টস চুলের গোড়ায় কোলাজেন নামে এক বিশেষ প্রোটিন তৈরি করে। আমলকির ভিটামিন সি প্রদাহ

ও সংক্রমণ প্রতিরোধ করার পাশাপাশি শুষ্ক স্ক্যালকে আর্দ করে খুশকির সমস্যা সারিয়ে তোলে। ২) আমলকি ত্বকের প্রিয় বন্ধু। এতে উপস্থিত ভিটামিন সি ব্রণ, মেচোতার দাগ মুছে ফেলার পাশাপাশি বলিরেখা দূর করতে সাহায্য করে। দৃষ্টি পরিবেশে ত্বক জেঞ্জাইন হয়ে পড়ে। নিয়মিত আমলকি খেলে নিষ্প্রাণ ত্বক, চুল, সব মিলিয়ে গোটো চেহারা সজীব হয়ে ওঠে। ৩) কোষ্ঠকাঠিন্যের সমস্যায় ইসবগুল, ওমুখ খেয়েও অনেক সময়ে উপকার হয় না। সেই সময়ে আমলকি কিন্তু বিশেষ







## জার্নালিস্ট রিক্রিয়েশন ক্লাবের কার্যকরী কমিটি পুনর্গঠিত

ত্রীড়া প্রতিনিধি, আগরতলা। জার্নালিস্ট রিক্রিয়েশন ক্লাবের কার্যকরী কমিটি পুনর্গঠিত হয়েছে। আগামী ২০২৬ পর্যন্ত দুই বছরের জন্য নির্বাচিত কমিটিতে সভাপতি সুপ্রভাত দেবনাথ, সহ-সভাপতি কিরীটি দত্ত, অনিবার্ণ দেব, সাধারণ সম্পাদক অভিষেক দে, সহ-সম্পাদক অভিষেক দেববর্মা, বিশ্বজিৎ দেবনাথ, কোষাধ্যক্ষ মেঘধন দেব, কার্যকরী সদস্য

প্রসেনজিৎ সাহা, বাপন দাস, প্রণব শীল, সুরত দেবনাথ, মৃদুল চক্রবর্তী, জাকির হোসেন সর্বসম্মতিক্রমে নির্বাচিত হয়েছেন। শনিবার বেলা বারোটায়ে আগরতলা প্রেসক্লাবের কনফারেন্স হল-এ জেআরসি-র বার্ষিক সাধারণ সন্মেলন অনুষ্ঠিত হয়। এতে সম্পাদক অভিষেক দে তাঁর সম্পাদকীয় প্রতিবেদন এবং কোষাধ্যক্ষ মেঘধন দেব বার্ষিক

আয়-ব্যয়ের হিসেব-নিকেশ পেশ করলে উপস্থিত অধিকাংশ সদস্যরাই তা নিয়ে আলোচনা করেন এবং সবশেষে ধনী ভোটে সেগুলো গৃহীত হয়। উপস্থিত সদস্যদের মধ্যে জাকির হোসেন, প্রসেনজিৎ সাহা, দিব্যান্দু দে, বিষ্ণুপদ বণিক, মিল্টন ধর, বাপন দাস, পরিচলন কমিটির সদস্য মৃদুল চক্রবর্তী, অনিবার্ণ দেব, কৌশিক সমাজগতি, বিশ্বজিৎ দেবনাথ,

প্রণব শীল, অভিষেক দেববর্মা, সুরত দেবনাথ প্রমুখ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় মনোনীত প্রোটোম প্রেসিডেন্ট অভিষেক দেববর্মা গণতান্ত্রিক উপায়ে নির্বাচনী প্রক্রিয়ায় নতুন কার্যকরী কমিটি গঠিত হলে তার ঘোষণা দেন। উপস্থিত সদস্যদের থেকে উত্থাপিত বেশ কিছু গঠনমূলক প্রস্তাব ইতোমধ্যে বাস্তবায়িত করা হবে

বলে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এই বার্ষিক সাধারণ সম্মেলনে ক্লাবের সকল সদস্যদের পাশাপাশি ভূতপ্রতিম অন্যান্য ক্লাবসমূহ এবং স্পন্সরের ভূমিকায় যারা এগিয়ে এসেছেন প্রত্যেককে ক্লাব সভাপতি সুপ্রভাত দেবনাথ ধন্যবাদ জানিয়েছেন। ক্লাবের পক্ষ থেকে সম্পাদক অভিষেক দে-ও সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন।

## সিনিয়র ডিভিশন সুপার লিগে আজ এগিয়ে চল-ব্লাডমাউথ, রামকৃষ্ণ-লালবাহাদুর

ত্রীড়া প্রতিনিধি, আগরতলা। সুপার লিগের লাইন আপ চূড়ান্ত। আগামীকাল থেকে শুরু হচ্ছে সিনিয়র ডিভিশন ফুটবলের সুপার লিগের জন্মজন্মট লড়াই। সুপার লিগে উন্নীত চারটি দল যথাক্রমে এগিয়ে চল সংঘ, রামকৃষ্ণ ক্লাব, লাল বাহাদুর ব্যায়ামাগার ও ব্লাড মাউথ ক্লাব। সুপার লিগে পরস্পর পরস্পরের বিরুদ্ধে মোট ছয়টি ম্যাচ অনুষ্ঠিত হবে। প্রতিটি দলের তিনটি করে ম্যাচ। খেলা হবে তিন দিন। প্রতিদিন বিকেল ও সন্ধ্যায়

দুটি করে ম্যাচ। ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন আয়োজিত শ্যামসুন্দর কোং জুয়েলার্স চন্দ্র মেমোরিয়াল প্রথম ডিভিশন ফুটবলের সুপার লিগের প্রথম ম্যাচ আগামীকাল বিকেল সাড়ে তিনটায় এগিয়ে চল সংঘ খেলবে ব্লাড মাউথ ক্লাবের বিরুদ্ধে। সন্ধ্যা সোয়া ৬ টায় দ্বিতীয় ম্যাচে রামকৃষ্ণ ক্লাব ও লালবাহাদুর ব্যায়ামাগার পরস্পরের মুখোমুখি হবে। ৩০ সেপ্টেম্বর বিরতি কাটিয়ে পয়লা অক্টোবর বিকেল

সাড়ে তিনটায় লালবাহাদুর ব্যায়ামাগার ও এগিয়ে চল সংঘের খেলা। সন্ধ্যা সোয়া ৬ টায় ব্লাড মাউথ ক্লাব ও রামকৃষ্ণ ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। একইভাবে ২ অক্টোবর বিরতি কাটিয়ে, ৩ অক্টোবর সুপার লিগের তৃতীয় দিনে বিকেল সাড়ে তিনটায় লাল বাহাদুর ব্যায়ামাগার ও ব্লাড মাউথ ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। সন্ধ্যা সোয়া ছয়টায় এগিয়ে চল সংঘ ও রামকৃষ্ণ ক্লাব সুপার লিগের শেষ ম্যাচে খেলবে।

## অক্টোবরে সাদা বলের সিরিজ খেলতে শ্রীলঙ্কা সফর করবে ওয়েস্ট ইন্ডিজ

কলকাতা, ২৮ সেপ্টেম্বর (হিস.): শ্রীলঙ্কা ক্রিকেট বোর্ড গুজরাত রাতে ঘোষণা করেছে ওয়েস্ট ইন্ডিজ অক্টোবর মাসে তিনটি একদিনের আন্তর্জাতিক এবং তিনটি টি-টোয়েন্টি ম্যাচ খেলতে দ্বীপরাষ্ট্র সফর করবে। ১৩ অক্টোবর ডাভুলায় একটি টি-টোয়েন্টি ম্যাচ দিয়ে সিরিজ শুরু হবে। দ্বিতীয় টি-টোয়েন্টি হবে ১৫ অক্টোবর এবং ফাইনাল হবে দুই দিন পর। এরপর ২০ অক্টোবর থেকে পাল্লেকলেতে শুরু হবে ওডিআই ম্যাচ। দ্বিতীয় ওডিআই ২৩ অক্টোবর এবং ফাইনাল ২৬ তারিখে। ওয়েস্ট ইন্ডিজ সর্বশেষ ২০২০ সালে শ্রীলঙ্কা সফর করেছিল। একটি তিন ম্যাচের ওডিআই সিরিজ খেলেছিল। তিনটি ম্যাচেই জিতেছিল তাছাড়া সফরে দুটি টি-টোয়েন্টি খেলে দুটিতেই জিতেছে।

## শ্রীলঙ্কা বনাম নিউজিল্যান্ড টেস্ট : নিউজিল্যান্ড ৮৮ রানে অলআউট, টেস্ট ইতিহাসে দ্বিতীয় বৃহত্তম ইনিংস ঘাটতি

কলকাতা, ২৮ সেপ্টেম্বর (হিস.): শনিবার গল ইন্টারন্যাশনাল স্টেডিয়ামে দ্বিতীয় টেস্টে শ্রীলঙ্কার প্রথম ইনিংসে ৬০২ রান ত্যাগ করতে নেমে ৮৮ রানে অল আউট হয়ে গেছে নিউজিল্যান্ড। শ্রীলঙ্কা ৫১৪ বিশাল লিড নিয়েছে নিউজিল্যান্ডের বিরুদ্ধে। এই

বিশাল রান এখন টেস্ট ইতিহাসে নিউজিল্যান্ডের দ্বিতীয় বৃহত্তম ইনিংস ঘাটতি। কিউইদের জন্য, টেস্ট ইতিহাসে সবচেয়ে বড় ইনিংস ঘাটতি হল ২০০২ সালে পাকিস্তানের বিপক্ষে ৫৭০ রানের বিপরীতে মাত্র ৭৩ রানে অলআউট হয়েছিল।

টেস্টে সবচেয়ে বড় ইনিংস ঘাটতি : \*\*অস্ট্রেলিয়া - ৭০২ রান বনাম ইংল্যান্ড, ১৯৩৮ \*\*নিউজিল্যান্ড - ৫৭০ রান বনাম পাকিস্তান, ২০০২ \*\*ওয়েস্ট ইন্ডিজ - ৫৬৩ বনাম ইংল্যান্ড, ১৯৩০। \*\*নিউজিল্যান্ড - ৫১৪ বনাম শ্রীলঙ্কা, ২০২৪।

## ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্ট ক্লাবে নতুন ৩ সদস্যকে বরণ ও সংবর্ধনা

ত্রীড়া প্রতিনিধি, আগরতলা। ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্ট ক্লাবের তরফে সংবর্ধিত হলেন তিনজন নতুন সদস্য। সদস্য সংখ্যা বর্ধিত হলো টি এস জে সি-র। যে তিনজন নতুন সদস্য ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্ট ক্লাবের পরিবারের সঙ্গে যুক্ত হলেন, তারা হলেন অর্পণ দে, প্রণব শীল ও সুরত দেবনাথ। তিনজনই রাজ্যের সংবাদ জগতে অতি পরিচিত। মাঠে তো বটেই, সন্ধ্যা অন্যান্য সব

ধরনের খবরের ক্ষেত্রেও তাদের অবাধ বিচরণ। ২০২২ সালে টি এস জে সি তিনজন সদস্যকে সদস্যপদ দিয়েছিলো। এবার আবার দুই বছর দুই মাস পর আরও তিনজনকে নিজেদের পরিবারে शामिल করলো টি এস জে সি। আগরতলা প্রেস ক্লাবের কনফারেন্স হল-এ শনিবার পড়ন্ত বিকেলে নতুন তিনজন সদস্যকে পুষ্পস্তবক, উত্তরীয় এবং স্মারক দিয়ে অভিবাদন জানানো হলো। এই অনুষ্ঠানে উপস্থিত

ছিলেন টি এস জে সি-র সভাপতি সরযু চক্রবর্তী, বরিস্ট সদস্য ও ত্রীড়া সাংবাদিক মণিময় রায়, সহ-সভাপতি সুপ্রভাত দেবনাথ, সম্পাদক অনিবার্ণ দেব, কোষাধ্যক্ষ উৎপল ভট্টাচার্য, কার্যকরী সদস্য বিপ্লব চন্দ্র সহ অন্যান্যরা। টি এস জে সি পরিবারের সঙ্গে যুক্ত হয়ে তিনজন নতুন সদস্যই খুব খুশি হলেন। নতুন এই তিনজন সদস্যের প্রতি টি এস জে সি-র তরফ থেকে দেয়া হলো অনেক অনেক অভিনন্দন।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি  
**উন্নত মুদ্রণ**  
 সাদা, কালো, রঙিন  
 নতুন ধারায়

**রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস**

জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন  
 প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১  
 মোবাইল :- ৯৪৩৬১২৩৭২০  
 ই-মেল : [rainbowprintingworks@gmail.com](mailto:rainbowprintingworks@gmail.com)



আজ বেঙ্গালুরু এয়ারপোর্টে ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুরকে স্বাগত জানাচ্ছেন রাজ্যপাল বীণু দেববর্মণ।

মুম্বই থেকে উদ্ধার বাঁকুড়ার দুই নাবালিকা

বাঁকুড়া, ২৮ সেপ্টেম্বর (হিস.): বাড়ি থেকে নিকরদেশ দুই নাবালিকাকে মুম্বই থেকে উদ্ধার করা হলো বাঁকুড়া ও ইন্দপুর থানার পুলিশ।

রাজ্যে এলেন শঙ্করাচার্য স্বামী অভিমুক্তেশ্বরানন্দ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ সেপ্টেম্বর: গোহত্যা নিষেধাজ্ঞা প্রচার করতে চাটাই বিমানে রাজ্য সফরে আসলেন শঙ্করাচার্য স্বামী অভিমুক্তেশ্বরানন্দ সরস্বতী জি মহারাজ।

গো মাতার পূজা হয়ে থাকে। কিন্তু আজ গো হত্যা করা হচ্ছে। তাই গোহত্যা বন্ধ করতে সনাতনীদের একত্রে এগিয়ে আসতে হবে।

স্বচ্ছতা হি সেবা কর্মসূচিতে দীর্ঘদিনের জঞ্জাল স্থান সাফাই করার অভিযানও চলছে: রজত পন্থ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ সেপ্টেম্বর: স্বচ্ছ ভারত মিশনের ১০ বছর পূর্তি উপলক্ষ্যে ও স্বচ্ছতা হি সেবা (স্বচ্ছতা হি সেবা) পক্ষ উদযাপনের অঙ্গ হিসেবে বিভিন্ন কর্মসূচীর মধ্যে দিয়ে রাজ্যে পরিষ্কার অভিযান চলছে।

রজত পন্থ জানিয়েছেন, স্বচ্ছতা হি সেবা কর্মসূচীতে স্বচ্ছতার শপথ, মানব বন্ধন, রেলি, আলোচনা ও সাফাই অভিযানে যুক্ত রয়েছে সমস্ত নগর উন্নয়ন কার্যালয়, নগর পঞ্চায়েত, পুর সংস্থা, স্কুল-কলেজ সমূহ।

নেশা সামগ্রী সহ গ্রেপ্তার দুই

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ সেপ্টেম্বর: নেশা সামগ্রী বিক্রি করতে এসে এয়ারপোর্ট থানার পুলিশের হাতে নেশা সামগ্রী সহ গ্রেপ্তার দুই যুবক।

রামনগর মন্ডলের উদ্যোগে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী



নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ সেপ্টেম্বর: প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে পঞ্চকালব্যাপী যে সামাজিক কর্মসূচি গ্রহণ করা হয়েছে তার গুই অঙ্গ হিসেবে শনিবার রামনগর মন্ডলের উদ্যোগে রক্তদান শিবিরের আয়োজন করা হয়।

উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী ডঃ মানিক সাহা। প্রধানমন্ত্রীর জন্মদিনকে সামনে রেখে ১৭ সেপ্টেম্বর থেকে ২ অক্টোবর বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে বিজেপি।

রক্তদান শিবিরের। পাশাপাশি রামনগর মন্ডলের নতুন অফিস বাড়ির উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী ডঃ মানিক সাহা।

জলাতঙ্ক নিরোধক দিবসে সচেতনতামূলক কর্মসূচি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ সেপ্টেম্বর: প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে শনিবার জলাতঙ্ক নিরোধক দিবস সচেতনতামূলক কর্মসূচির মাধ্যমে পালন করা হয়।

আরোপ করেছে প্রাণিসম্পদ বিকাশ দপ্তর। শনিবার বিশ্ব জলাতঙ্ক দিবস উপলক্ষে প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের তরফ থেকে এক সচেতনতামূলক কর্মসূচি পালন করা হয়।

পাশের কুকুর ও অন্যান্য গৃহপালিত ও বন্যপ্রাণীদের ভ্যাকসিন প্রদানের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে।

জল প্রকল্পের পাইপ চুরি

বাঁকুড়া, ২৮ সেপ্টেম্বর (হিস.): জল সরবরাহ প্রকল্পের জন্য মজুত পাইপ চুরি চক্র যুক্ত দুই তীরের প্রেক্ষতার করলো পুলিশ।

স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া অফিসার্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে রক্তদান শিবির



নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ সেপ্টেম্বর: স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া অফিসার্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে প্রত্যেক বছরের পূজোর আগে রক্তদান শিবিরের আয়োজন করা হয়।

শ্রেয়সক্রাভে এক রক্তদান শিবিরের রক্ত দান করেন। এক ব্যাংক কর্মী বলেন, ভারতবর্ষে স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া অফিসার্স অ্যাসোসিয়েশন একটি বৃহত্তর আয়োজন করা হয়।

টিএসইসিএল, টিপিজিএল এবং টিপিটিএল এর যৌথ বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ সেপ্টেম্বর: ত্রিপুরা স্টেট ইলেকট্রিসিটি কর্পোরেশন লিমিটেডের ২০তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

৩৫ হাজার গাঁজা গাছ ধ্বংস যাত্রাপুর থানার উদ্যোগে

নিজস্ব প্রতিনিধি, বঙ্গনগর, ২৮ সেপ্টেম্বর: মাঝে একদিনের ব্যবধানে যাত্রাপুর থানার ওসির নেতৃত্বে আবার ৩৫ হাজার গাঁজা গাছ কেটে ধ্বংস করল শনিবার।

এই বার্ষিক সভা চলাকালীন, টিএসইসিএল ২০২৩-২৪ আর্থিক বছরের বার্ষিক প্রতিবেদন পেশ করে এবং কোম্পানির শেয়ারহোল্ডারদের অনুমোদন ও সম্মতি পায়।

এই দিনে এই সভাগুলি আহ্বান করে, কর্পোরেশনগুলি একটি নজির স্থাপন করেছে যা শক্তি ক্ষেত্রের মধ্যে পরিচালিত বিভিন্ন সংস্থার মধ্যে সহযোগিতা এবং কৌশলগত সার্বিক বৃদ্ধির গুরুত্ব দেবে।

রাষ্ট্রপতি নিলয়মে আয়োজিত উৎসব ৬ অক্টোবর পর্যন্ত জনসাধারণের জন্য উন্মুক্ত থাকবে

নয়াদিল্লি, ২৮ সেপ্টেম্বর, ২০২৪: রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ সেকেন্দ্রাবাদ রাষ্ট্রপতি নিলয়মে ভারতীয় কলা মহোৎসবের প্রথম সংস্করণের উদ্বোধন করেন।



নাগরিকদের এই অঞ্চলের ঐতিহ্য এবং সম্প্রদায়ের সাথে আরো আরও পরিচিত করার উদ্যোগ নেওয়া হয়েছে এই উৎসবের মধ্য দিয়ে রাষ্ট্রপতি বলেন, এই উৎসব

হিসাবে কাজ করবে। তিনি আত্মবিশ্বাস ও ব্যক্তিকরণে যে এই উদযাপন উত্তর-পূর্বের কারিগর, শিল্পী এবং সম্প্রদায়ের ঐতিহ্য ও প্রতিভাকে সামনে এনে তাদের ক্ষমতায়নে সহায়তা করবে।

স্বচ্ছতা হি সেবা: পরিচ্ছন্নতা অভিযান উনকোটিতে, রেল স্টেশনে অংশ নিচ্ছে ছাত্র-ছাত্রী সহ বিভিন্ন প্রতিষ্ঠান, নানা অংশের মানুষ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ সেপ্টেম্বর: স্বচ্ছ ভারত মিশনের ১০ম বর্ষ পূর্তি উপলক্ষ্যে দক্ষিণ ত্রিপুরা জেলার সার্বমের মহিকেল মধুসূদন দত্ত কলেজের জাতীয় সেবা প্রকল্পের (এনএসএস) শিক্ষার্থী স্বচ্ছাসেবকরা নানা কর্মসূচির মধ্য দিয়ে 'স্বচ্ছতা হি সেবা' পক্ষ উদযাপন করছে।

দীপক দাস ও অধ্যাপক-অধ্যাপিকারা। এদিন এনএসএস মেম্বারসহ ছাত্র-ছাত্রীরা 'স্বভাব স্বচ্ছতা ও সংস্কার স্বচ্ছতা'-র আহবানে সাদা দিয়ে রেল স্টেশনসহ এলাকা থেকে বর্জ্য প্লাস্টিক ও অন্যান্য অর্জবন্য সংগ্রহ করে নিকাশের ব্যবস্থা করে।

কল্যাণপুর রুক প্রশাসন ও পঞ্চায়েত সমিতির উদ্যোগে স্বচ্ছতা হি সেবা কর্মসূচির অঙ্গ হিসাবে কল্যাণপুর বাজার এলাকায় সাফাই অভিযান করা হয়।